দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 JAN 1996 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

## লিগ্যাল এডুকেশন কর্মশালা সমাপ্ত

সুপ্রীমকোর্ট রিপোর্টার ॥ প্রধান বিচারপতি এ, টি, এম আফজাল বলিয়াছেন, আইনজীবীদের পেশাগত মান উন্নয়নের ক্ষেত্রে অষ্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস বার এসোসিয়েশন এবং বাংলাদেশ বার কাউন্সিলের যৌথ উদ্যোগ আইন পেশার ক্ষেত্রে নূতন দ্বার উন্মোচন করিয়াছে। তিনি গত শনিবার বাংলাদেশ বার কাউন্সিল ও অষ্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস বার এসোসিয়েশনের যৌথ উদ্যোগে পাঁচদিনব্যাপী অনুষ্ঠিত ক্লিনিক্যাল লিগ্যাল এডুকেশন কর্মশালার সমাপ্তি দিবসে উপহার প্রদানকালে এই কথা বলেন।

অষ্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস বার এসোসিয়েশনের দলপতি

(৭ম পৃঃ দ্রঃ)

## লিগ্যাল এডুকেশন

(৩য় পৃঃ পর)

ব্রায়ান ডনোভান কিউসি বলেন, অষ্ট্রেলিয়া এবং বাংলাদেশের জনগণ ও আইনজীবীদের মাঝে আইনের শাসন এবং সকলের জন্য সুবিচার লাভের অধিকার অর্জনের প্রত্যয়, বিচার বিভাগের স্বাধীনতা ও মৌলিক অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে ঐক্য চিন্তা দুই দেশের মাঝে অবিচ্ছেদ্য বন্ধন রচনা করিয়াছে। অনুষ্ঠানে ডঃ কামাল হোসেন ও ব্যারিষ্টার আমীরুল ইসলামও বক্তব্য রাখেন।

সমাপ্তি দিনে নৌবিহার অনুষ্ঠিত হয়। প্রধান বিচারপতি এ,টি,এম আফজালসহ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচারপতিবৃন্দ, বাংলাদেশে অষ্ট্রেলিয়ার রাষ্ট্রদূত, নিউ সাউথ ওয়েলস বার এসোসিয়েশনের দলপতি ব্রায়ান ডোনাভান কিউসি, কর্মশালার প্রশিক্ষক সিডনীটিনে সাউথ, জেমস গ্রিসন, ক্লিফোর্ড আইনষ্টাইন, জেফরি লিণ্ডসে, এ্যান এইনস্লি ওয়ালেস, ষ্টিফেন ওয়াসলি, ডঃ কামাল হোসেন, ব্যারিষ্টার আমীরুল ইসলাম, ব্যারিষ্টার কেএস নবী, ডঃ এম জহীর, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সহ-সভাপতি এসএম জিল্লুর হক, সম্পাদক এসএম মুনীর, বার কাউন্সিলের ক্লেপ এর সমন্বয়কারী ডঃ মিজানুর রহমান, কর্মশালায় অংশগ্রহণকারিগণসহ বেশ কিছু সংখ্যক আইনজীবী নৌবিহারে অংশগ্রহণ করেন। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।